

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ০৫ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি


অদ্য ০৫-০২-২০২৫ তারিখ জনাব অতনু বড়ুয়া, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে 'পাক বাগদাদ ফুড প্রোডাক্টস, কাশিমালা, কাহালু, বগুড়া-এ মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে কারখানাটি অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় পরিচালনা করতে দেখা; কারখানার মেঝে, দরজা, জানালা, টেবিল সবকিছুতেই ময়লায় স্তর পরিলক্ষিত হয়; বেশকিছু বিস্কুট এর প্যাকেট মেয়াদোত্তীর্ণ অবস্থায় মজুদ করতে দেখা যায়; এমোনিয়া ব্যবহার করতে দেখা যায় কিন্তু কি পরিমাণ এমোনিয়া ব্যবহার করা হয় তার কোন নির্দিষ্টতা বলতে ব্যর্থ হয়; ময়লাযুক্ত ভাঙা ডিন ব্যবহার ও মজুদ করতে দেখা যায়; গুড়া দুধ, এমোনিয়া ও পুষ্টি বনস্পতি এর যথাযথ ক্রয় চালান-রশিদ প্রদর্শনে ব্যর্থ হওয়ার অপরাধে দোষ স্বীকারোক্তির ভিত্তিতে নিরাপদখাদ্য আইন, ২০১৩ ধারা মোতাবেক ১,০০,০০০/- অর্থদণ্ড প্রদান করা হয় এবং তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।

মোবাইল কোর্ট অভিযানটি যথাক্রমে “ওয়ান ফুড” কাশিমালা, কাহালু, বগুড়ায় পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে কারখানাটিতে সামান্য পরিষ্কার পরিচ্ছন্নতাজনিত ত্রুটি পরিলক্ষিত হয়; লেবেলিং সংক্রান্ত কিছু অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয়; শুধুমাত্র সকল খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ ব্যতীত সকল নিবন্ধনের হালনাগাদ কপি প্রদর্শন করেন। সংশোধনের শর্তে আনীত অভিযোগের বিষয়ে তার বক্তব্য সন্তোষজনক হওয়ায় তাকে অব্যাহতি প্রদান করা হয়। সংগীয় নিরাপদ খাদ্য অফিসারকে মাইনর ব্যত্যয়সমূহ সংশোধন বিষয়ে একটি কম্প্লায়েন্স প্রতিবেদন কোর্টকে দেয়ার জন্য আদেশ করা হয়।

অভিযানকালে জনাব মো: রাসেল, নিরাপদ খাদ্য অফিসার, বগুড়া; জেলা নিরাপদ খাদ্য পরিদর্শক, রংপুর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং বগুড়া জেলা পুলিশ সদস্যবৃন্দের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।

  
০৫/০২/২০২৫

বি. এম রুহুল আমিন রিমন

উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: [dd.enforcement@bfsa.gov.bd](mailto:dd.enforcement@bfsa.gov.bd)

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।